



ইসলামিক ফাউন্ডেশন

[প্রতিষ্ঠাতা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান]
আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা ১২০৭

শোকবার্তা

সাবেক ধর্মমন্ত্রী অধ্যক্ষ মতিউর রহমানের মৃত্যুতে ইসলামিক ফাউন্ডেশনের শোক

ঢাকা, ২৮ আগস্ট সোমবার, ২০২৩

সাবেক ধর্মমন্ত্রী বীর মুক্তিযোদ্ধা অধ্যক্ষ মতিউর রহমান গতকাল ২৭ আগস্ট রবিবার ২০২৩ খ্রি. রাত ১১ টায় ময়মনসিংহের একটি বেসরকারি হাসপাতালে ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তিনি বার্ধক্যজনিত রোগে ভুগছিলেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিলো ৮১ বছর। তাঁর মৃত্যুতে ইসলামিক ফাউন্ডেশন পরিবার গভীরভাবে শোকাহত এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করছে।

ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক ড. মহাঃ বশিরুল আলম সাবেক ধর্মমন্ত্রী অধ্যক্ষ মতিউর রহমানের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন। তিনি মরহমের রুহের মাগফেরাত কামনা করেন ও শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানান। অধ্যক্ষ মতিউর রহমান ২০১৪-১৮ সাল পর্যন্ত ধর্মমন্ত্রীর দায়িত্ব পালন করেন। ইসলামিক ফাউন্ডেশনের বিভিন্ন গঠনমূলক ও উন্নয়নমূলক কাজে তাঁর উল্লেখযোগ্য অবদান চিরস্মরণীয় হয়ে থাকবে।

২৮/৮/২০২৩

(শায়লা শারমীন)

সহকারী জনসংযোগ কর্মকর্তা

ইসলামিক ফাউন্ডেশন

মোবাইল: ০১৫৫৩৫৩৬২৭৬